

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd



তাগিদ পত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৩.০৮.০০০৬.১৬.৩৭

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর মাধ্যমে ২০২৫ সালে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত শিক্ষকের তথ্য প্রেরণ।

সূত্র: ক) এ বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.০৭৩.০৮.০০০৬.১৬.১২, তারিখ: ১৩/০১/২০২৬

খ) ০৭/০১/২০২৬ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালকগণের সাথে মতবিনিময় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর মাধ্যমে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ৪১,৬২৭ জন শিক্ষক-কে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। সুপারিশপ্রাপ্তদের মধ্যে কতজন যোগদান করেছেন, কতজনের যোগদান পরবর্তী পদায়ন করা সম্ভব হয়নি/ পদায়নে কোনো সমস্যা রয়েছে কি না, যোগদানকৃতদের মধ্যে এমপিওভুক্ত শিক্ষকগণের সংখ্যা কত, এমপিওভুক্ত হয়নি এমন শিক্ষক কারা ইত্যাদি তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা প্রয়োজন।

০২। উল্লেখ্য যে, এ বিষয়ে তথ্য সংগ্রহের জন্য ৭ জানুয়ারি ২০২৬ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সভাপতিত্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালকগণের সাথে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ছক অনুসারে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর মাধ্যমে ২০২৫ সালে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত শিক্ষকের তথ্য আগামী ০৭ দিনের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	সুপারিশপ্রাপ্ত শিক্ষকের নাম ও নিবন্ধন নম্বর	নিয়োগের জন্য সুপারিশকৃত প্রতিষ্ঠানের নাম	যোগদানের তারিখ	এমপিওভুক্ত না হওয়ার কারণ	মন্তব্য

২৯-০১-২০২৬

হরে জান্নাত

উপসচিব

ফোন : ৯৫৭০৬৭২

ইমেইল : nongovt.secondary.sec2@shed.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৩.০৮.০০০৬.১৬.৩৭/১ (১৮)

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩। চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
- ৪। যুগ্মসচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। যুগ্মসচিব , বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৬। উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৭। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল।
- ১২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ১৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ১৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর।
- ১৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।
- ১৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট।
- ১৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী এবং
- ১৮। প্রশাসনিক কর্মকর্তা, বেসরকারি মাধ্যমিক-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।



২৯-০১-২০২৬

হরে জান্নাত
উপসচিব